EDITION 11 • APRIL 2022
MOIRANG DIWAS EDITION

FORWARD

REBUILDING INDIA IN NETAJI'S WAY

REBUILDING INDIA IN NETAJI'S WAY

Cover Photo:
Rajdeep Saha - Netaji Collected Works

Photo taken in mid-1930s. Subhas Bose travelled to Europe, visited Indian students & European politicians, researched and wrote the first part of "The Indian Struggle". Published in London in 1935, the British government banned the book in the colony out of fears that it would encourage unrest.

Tribute to
THE INDIAN NATIONAL ARMY
ON 78TH MOIRANG VIJAY DIVAS
FORWARD

আমাদের কথা

অশোচয়ানন্বশোচস্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে।
গতাসূনগতাসূংশ্চ নানুশোচন্তি পণ্ডিতাঃ।।

তুমি যখন জ্ঞানের কথা বলছো, তখন তুমি সেই জন্য শোক করছেন যা শোকের যোগ্য নয়। যারা জ্ঞানী তারা জীবিত বা মৃত - কারোর জন্যই বিলাপ করে না।

এই বছরটি আমাদের সকলের কাছে খুবই বিশেষ। নেতাজী সুভাষচন্দ্র বসুর ১২৫তম জন্মবর্ষের আনুষ্ঠানিক উদযাপন গত ২৩শে জানুয়ারী সমাপ্ত হয়েছে। তবে আনুষ্ঠানিক ভাবে সম্মান জানানো সমাপ্ত হলেও, সুভাষবাদী রূপে আমাদের দায়িত্ব ও কর্তব্য এখানেই সমাপ্ত নয়। আমাদের হাতে হাত মিলিয়ে একসাথে কাজ করে যেতে হবে নেতাজীর দেখানো পথে ও সুভাষের পথে ভারত পুনর্গঠনের লক্ষ্য সফল করতেই হবে।

১৪ই এপ্রিল ভারতের স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে একটি স্বর্ণাক্ষরে লিখে রাখার দিন। ১৯৪৪ সালে এই দিনটিতে আজাদ হিন্দ বাহিনী ভারত-ভূখণ্ডে প্রথমবার আজাদ হিন্দের পতাকা উত্তোলন করেছিল। স্থান মৈরাং। ফরওয়ার্ড মিডিয়া গ্রুপ ভারতবর্ষের মুক্তিদাতা, শ্রী সুভাষচন্দ্র বসু, ও তাঁর মুক্তিবাহিনীকে ৭৮তম মৈরাং বিজয় দিবসে বিনম্র শ্রদ্ধা জানায়। এই শুভ দিনটিকে স্মরণ করার জন্য আমরা ফরওয়ার্ড ওয়েবজিনের ১১তম সংস্করণ নিয়ে এসেছি।

প্রথমদিন থেকে আমরা পাঠকদের কাছ থেকে প্রচুর ভালোবাসা ও সমর্থন পেয়েছি। আমরা তাঁদের সকলকে ধন্যবাদ জানাই, যাঁরা তাঁদের ব্যস্ত কর্মসূচী সত্ত্বেও এই ওয়েবজিনে তাঁদের জ্বলন্ত লেখা ও মন মাতানো চিত্রাবলী প্রদর্শন করেছেন। আমরা প্রত্যেকে ধন্যবাদ জানাই যারা আমাদের পাশে দাঁড়িয়েছেন এবং আমাদের সাহায্য করেছেন। আপনারাই আমাদের শক্তি। আপনাদের ছাড়া আমরা কিছুই না। আমরা আশা করি ভবিষ্যতে পাঠকদের কাছ থেকে আমরা ভালোবাসা সাড়া পাব।

জয় হিন্দ!
ফরওয়ার্ড এডিটোরিয়াল টিম
ফরওয়ার্ড ওয়েবজিন
১৪ই এপ্রিল ২০২২

EDITORIAL NOTE

aśhochyān-anvaśhochas-tvaṁ prajñā-vādānśh cha bhāṣhase_ gatāsūn-agatāsūnśh-cha nānuśhochanti paṇḍitāḥ

While you speak words of wisdom, you are mourning for that which is not worthy of grief. The wise lament neither for the living nor for the dead.

This year, marking the conclusion of Netaji Subhas Chandra Bose's 125th birth anniversary celebrations, is very special to all of us. But although the celebrations end, our duty as sincere Netajians doesn't end here. We must work hand in hand in the Liberator's path and work hard to fulfil our goal to Rebuild India in Netaji's Way.

The 14th of April is a red letter day in the history of Indian Independence Movement. On this day back in 1944 the Azad Hind tricolour was first hoisted on a liberated soil of India's mainland (Moirang) by the Indian National Army. Forward Media Group pays heartiest tribute to the Liberator and his Liberation Army on the 78th Moirang Vijay Diwas. To commemorate this auspicious day, we bring to you the 11th edition of our prestigious Forward Webzine.

Since our initial days we have recieved immense love and support from our readers. We thank our contributors who, despite their busy schedule, have beautifully presented their flaring write-ups in our webzine. We thank each and everyone who stood beside us and let us be what we are today. You are our strength. We are nothing withour you. We hope to recieve huge response from our readers in future.

Jai Hind!
Forward Editorial Team
Forward Webzine
14th April 2022.

CONTENTS

THE LEGEND

THE TALE OF BLOOD

চিত্রকলা

THE LEGEND

বীর সুভাষের মহান দেশ (পর্ব ১)

RAJDEEP SAHA

[নেতাজীর বিরুদ্ধে প্রণব মুখোপাধ্যায়ের রাজনীতি]

ঘটনাটির সূত্রপাত ১৯৯৫ সালে। একদল জাপানী যুদ্ধ-প্রবীণ, যারা দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় নেতাজী সুভাষচন্দ্র ও তাঁর আজাদ হিন্দ বাহিনীর সঙ্গে যুক্ত ছিলেন, ভারত সরকারের কাছে আবেদন জানায় নেতাজীর চিতাভস্ম জাপানের রেঙ্কোজি মন্দির থেকে যেন ভারতে আনা হয়। অনতিবিলম্বে আলোচনা সভা বসে যায় রাজধানী দিল্লীতে। সভায় উপস্থিত থাকেন তৎকালীন প্রধানমন্ত্রী পি. ভি. নরসিংহ রাও, স্বরাষ্ট্রমন্ত্রী এস. বি. চৌহান, বিদেশ মন্ত্রী প্রণব মুখোপাধ্যায় সহ প্রধানমন্ত্রী দফতরের সব বড় বড় সচিবরা। Intelligence Bureau (IB)-র তরফ থেকে খুবই সদ্বিবেচনামূলক উত্তর আসে: "যদি চিতাভস্ম ভারতে আনা হয়, তাহলে জনগনের, বিশেষতঃ পশ্চিমবঙ্গবাসীর, ধারণা হবে যে নেতাজীর মৃত্যুরহস্যের সরকারী থিওরি (অর্থাৎ বিমান-দুর্ঘটনায় নেতাজীর মৃত্যু ঘটেছে) তাদের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে।" (অনুবাদিত) IB-র উত্তরের প্রাসঙ্গিক ইংরেজী অংশটুকু দেওয়া হল (সূত্র: নেতাজী সংক্রান্ত Top Secret Files ভারত সরকার দ্বারা জনস্বার্থে প্রকাশিত) । তবে বিদেশ মন্ত্রকের (Ministry of External Affairs) তরফ থেকে বিপরীত উত্তর আসে, অর্থাৎ "নেতাজীর চিতাভস্ম ভারতে ফিরিয়ে নিয়ে আসা হোক।" তারা তাদের পরবর্তী কর্মসূচিও তৈরি করে ফেলে। সবচেয়ে মজার ব্যপার হল তাদের কর্মসূচি অনুযায়ী দীর্ঘদিন ধরে চলতে থাকা এই বিতর্ক চিরকালের মতো সমাপ্ত করার জন্য সর্বসম্মতি প্রয়োজন ও তাদের মতে সর্ব-ভারতীয় স্তরে বিশিষ্ট ব্যক্তিরা Parliament-এ দাঁড়িয়ে সরকারকে অনুরোধ করতে পারে সেই বিতর্কিত চিতাভস্ম ফিরিয়ে আনার জন্য। এই প্রসঙ্গে বলে রাখা প্রয়োজন – নেতাজীর এই বিতর্কিত চিতাভস্ম জাপানে অবস্থিত হলেও, খাতায়-কলমে এর সম্পূর্ণ হেফাজত ভারত সরকারের কাছে। অর্থাৎ এটি ভারতে ফিরিয়ে আনতে হলে

আমাদের আবেদন করতে হবে ভারত সরকারের কাছে, জাপান সরকারের কাছে নয়; এটি ভারতে কবে ও কিভাবে আনা হবে তা সম্পূর্ণ ভারত সরকারের সিদ্ধান্ত, জাপান সরকারের এই বিষয়ে কোন হস্তক্ষেপ নেই।

Views of MEA and IB

7. The Ministry of Home Affairs has obtained the views of MEA and IB. IB's views are to the effect that it would not be advisable to take any initiative to bring back the ashes to India as there is no demand from any quarter for this. If the ashes are brought to India, the People of West Bengal are likely to construe it as an

F.No.I/12014/27/93-IS(D.III)
Ministry of Home Affairs

- :4: -

imposition on them of the official version of Netaji's death.

Excerpt from Top Secret files showing stand of MEA & IB

IB ও MEA-র এই মতভেদের সমাধান করার জন্য, প্রধানমন্ত্রীর নির্দেশে ৮ই ফেব্রুয়ারী ১৯৯৫ স্বরাষ্ট্রমন্ত্রী বিষয়টি মন্ত্রীপরিষদের সামনে পেশ করেন। সভায় স্বরাষ্ট্রসচিব কে. পদ্মনাভাইয়া একটি Top Secret নথি পেশ করেন যা থেকে এই মামলার পটভূমি সম্পর্কে পরিষ্কার ধারণা করা সম্ভব এবং স্বাধীনতা-পূর্ব ভারতের প্রতিটি সরকার নেতাজীর মৃত্যুরহস্যকে কোন চোখে দেখেছে ও কিভাবে পরিচালনা করেছে তা বোঝা যাবে। ইতিমধ্যে স্বরাষ্ট্র মন্ত্রক বিদেশ মন্ত্রককে (প্রণব মুখোপাধ্যায়ের দ্বারা পরিচালিত) নির্দেশ দেয় – তাইহোকু বিমানবন্দরে সুভাষ বসুর মৃত্যুর প্রমাণ হিসাবে যত জাপানী নথিপত্র আছে, তার একটি অনুলিপি যেন তাদের দেওয়া হয়।

বিদেশ মন্ত্রকের এক কথার উত্তর ছিল এই যে তাদের কাছে এমন কোন নথি সহ প্রমাণ নেই। প্রধানমন্ত্রীর মন্ত্রীপরিষদ অবশেষে এই সিদ্ধান্তে উপনীত হন যে বিষয়টি স্থগিত রাখা হোক এবং নেতাজীর চিতাভস্ম সেই মুহূর্তে ভারতে আনা সম্ভব নয়। তবে বাঙালীর একগুঁয়েমি তো সবারই জানা। সমস্যা হয় যখন এই একগুঁয়েমির পেছনে কোন খারাপ মতলব কাজ করে। ১৯৪৭ থেকে কংগ্রেস সরকারের অন্যতম ঘৃণ্য প্রচেষ্টা হচ্ছে কিভাবে বিমান দুর্ঘটনার থিওরি জনগনের মনের মধ্যে গেঁথে দেওয়া যায়। প্রণব মুখোপাধ্যায়ও তার ব্যতিক্রম নন। তিনি তাঁর বাঙালী সত্তাকে উপেক্ষা করে প্রাধান্য দিলেন তাঁর কংগ্রেসদরদী সত্তাকে। হয়তো তাঁর কাছে কোন অতি গোপন তথ্য ছিল কিংবা তাঁর কোন এক অতি বিশ্বস্ত কংগ্রেসবাদী ভাই হয়তো তাঁকে বলে দিয়েছিল "প্রমাণের তোয়াক্কা করো না, সুভাষ বসু তাইহোকু বিমানবন্দরেই মারা গিয়েছিলেন।" একবার ভেবে দেখুন একটি দেশের বিদেশ মন্ত্রী সেই দেশের প্রধানমন্ত্রীর মন্ত্রীপরিষদের সিদ্ধান্ত অগ্রাহ্য করছে। "সাত কটি সন্তানেরে, হে মুগ্ধ জননী, রেখেছ বাঙালী ক'রে, মানুষ কর নি।" ১৯৫৫ সালের প্রায় তিন-চতুর্থাংশ সময় ধরে প্রণব মুখোপাধ্যায়, শুধুমাত্র ব্যক্তিগত স্বার্থে ও ব্যক্তিগত খরচয়, এক দেশ থেকে আরেক দেশে ঘুরে

TOP SECRET IMMEDIATE
COPY NO. 9

No.6/CM/95(iii)
GOVERNMENT OF INDIA (BHARAT SARKAR)
CABINET SECRETARIAT (MANTRIMANDAL SACHIVALAYA)

NEW DELHI, the 6th February, 1995.
17 Magha, 1916 (S).

The following will constitute additional item on the agenda for the meeting of the Cabinet scheduled to be held at 1145 hours, on Wednesday, the 8th February, 1995 in the Conference Room (No.155) South Block, New Delhi :-

S U B J E C T S

5. Proposal to bring the mortal remains of Netaji Subhash Chandra Bose from Japan to India. (Note dated 2.2.1995 (CD-92/95) from the Ministry of Home Affairs, attached). — MINISTER OF HOME AFFAIRS.

(D.M.N. RAO)
Deputy Secretary to the Cabinet.
Tele : 3015802

To

Principal Secretary to the Prime Minister.
Secretary to the Prime Minister.

Copy, with enclosure, forwarded for information to the following :-

Secretary, Ministry of Home Affairs. (Sponsoring).

Foreign Secretary.

(D.M.N. RAO)
Deputy Secretary to the Cabinet.

GSH
15 Copies.

TOP SECRET

PM orders Home Minister to place the issue in the Cabinet

প্রথমে তিনি যান টোকিও। সেখানে জাপানের বিদেশ মন্ত্রীর সাথে সাক্ষাত করে তিনি চলে যান জার্মানি। একাধিক সরকারি নথিপত্র আছে যা থেকে প্রমাণ করা যায় যে তিনি সেখানে সুভাষ বসুর তথাকথিত কন্যা, অনিতা পাফ, ও তথাকথিত স্ত্রী এমিলি শেঙ্কলের সঙ্গে দেখা করেন। প্রসঙ্গত বলে রাখা প্রয়োজন এমিলি ও অনিতা কি আদেও সুভাষের স্ত্রী-কন্যা, তাদের আসল পরিচয় কি; এই সকল প্রশ্ন ভিন্ন প্রসঙ্গের ও আলাদা ভাবে আলোচনার দাবি করে। তাই আজ এ' বিষয়ে আলোচনা না করে আমি স্ত্রী ও কন্যার আগে 'তথাকথিত' শব্দটি ব্যবহার করছি। আশ্চর্যজনক ভাবে নেতাজীর মৃত্যু রহস্যের প্রতি মা-মেয়ের সম্পূর্ণ

ভিন্ন মতামত। এমিলি শেঙ্কল তাঁর জীবনকালে কোনদিনই বিশ্বাস করেননি যে সুভাষ জাপানে মারা গেছেন (হয়তো এই কারনেই পণ্ডিত নেহেরু জার্মানিতে গয়েন্দা পাঠিয়েছিলেন)। অন্যদিকে অনিতা পাফ্ বিমান দুর্ঘটনার থিওরিতে গভীরভাবে বিশ্বাসী (তাঁর পেছনেও গোয়েন্দা ছিল, ছোট ছিলেন তো টের পাননি, তাঁর মা আগলে রেখেছিলেন)। খুব স্বাভাবিক ভাবেই পরিবারের সকলের বিরুদ্ধে গিয়ে প্রণব মুখোপাধ্যায়কে পূর্ণ সহায়তার প্রতিশ্রুতি দেন অনিতা পাফ্। এমিলি শেঙ্কল মারা যান ১৯৯৬-এর মার্চ মাসে; মৃত্যুর আগে তিনি আরও একবার উপভোগ করেন ভারতীয় জাতীয় কংগ্রেসের অতিষ্ঠ করে তোলা ব্যবহার। তিনি যদি নারী না হয়ে পুরুষ হতেন তাহলে আমি এতো বাক্যব্যয় করতাম না। নেতাজী শিখিয়েছেন নারীর সম্মান সবার উর্ধে। তিনি সুভাষ বসুর স্ত্রী নাই হতে পারেন, নাই থাকতে পারে তাঁর সাথে ভারতবর্ষর কোন সম্পর্ক, তাঁর সব-চেয়ে বড় পরিচয় তিনি একজন নারী – মায়ের জাত – তাঁকে অসম্মান করার অধিকার আমাদের কারোর নেই। সেই ৮৪ বছর বয়সী বৃদ্ধার সাথে প্রণব মুখোপাধ্যায় যেরূপ নিম্নব্যবহার করেন, তার নুনতমও যদি আমার লেখার মাধ্যমে প্রস্ফুটিত হয়, তাহলে আমার এই লেখনি সার্থক হবে। তিনি এমিলিকে জোর করেন একটি কাগজে স্বাক্ষর করার জন্য যাতে রেঙ্কোজি মন্দিরে রক্ষিত সেই চিতাভস্ম ভারতে নিয়ে যাওয়া সম্ভব হয় নেতাজীর চিতাভস্ম হিসাবে। এককথায় ঐ চিতাভস্ম যে বাস্তবে নেতাজীরই তার প্রমাণ হিসাবে তিনি কাঠগড়ায় দাঁড় করাতে চেয়েছিলেন এমিলিকে। কিন্তু এমিলি রাজি হলেন না। অপরদিকে প্রণব বাবুও পরাজয়ের পাত্র নন। উত্তপ্ত বাক্য বিনিময় হল। তিনি বৃদ্ধাকে একটি Blank Cheque দিয়ে বলেন যে তিনি যে কোন জাতীয় মুদ্রায় যে কোন পরিমানে অর্থ পেয়ে যাবেন শুধুমাত্র একটি স্বাক্ষর করার বদলে। লজ্জায় অপমানিত এমিলি Cheque-টি মুহূর্তে টুকরো টুকরো করে ছিঁড়ে ফেলেন এবং কংগ্রেসের গুপ্তচরকে অনুরোধ করেন ভবিষ্যতে কোনদিন যেন তাঁকে বিভ্রান্ত না করা হয়।

এই ঘটনাটি জনসমক্ষে আসে ২০০০ সালে; সুভাষচন্দ্র বসুর ভ্রাতুষ্পুত্র অমিয়নাথ বসুর জ্যেষ্ঠ পুত্র সূর্যকুমার বসু ৬ই মার্চ জাস্টিস মুখার্জী কমিশনের সামনে একটি Affidavit পেশ করেন। সেই Affidavit-এ স্বাক্ষর করেন জার্মানির Consulate General of India-র অফিসের Vice Consululate.

Ministry of External Affairs, Government of India, Mr Pranab Mukherjee's visit to Augsburg on 21 October 1995

1. On 20 October 1995 Auntie rang me up after 10:30pm from her daughter Anita Pfaff's home in Augsburg. She was quite agitated. She told me that Mr Pranab Mukherjee was coming to Augsburg on 21st October 1995 to convince her and Anita to give their approval for bringing the so-called "ashes" of Netaji to India. Mr Mukherjee also wanted her to sign a document which he could take back to India as proof of her approval. She again emphasised to me that she had never believed in the plane crash story and would neither sign any document nor agree in any way to bringing the "ashes" to India or to anywhere else.

2. On 21 October 1995 Anita and her husband Dr Martin Pfaff had to take Mr Mukherjee out for lunch as auntie could not tolerate any discussion on the so-called "ashes" in her presence. Auntie told Pranab Mukherjee quite clearly that she did not believe that Netaji had died in a plane crash… and that those "ashes" … had nothing to do with Subhas.

ঠিক এক দশক পর মুখার্জি কমিশনের (নেতাজীর মৃত্যু রহস্য সমাধানের জন্য ভারত সরকার দ্বারা গঠিত তৃতীয় কমিশন) রিপোর্ট জমা পড়ে সরকারের কাছে; ৮ই নভেম্বর ২০০৫। কমিশনের সম্মুখে যেই সাতজন সাক্ষী বিমান দুর্ঘটনার স্বপক্ষে সাক্ষ্য দিয়েছিলেন, তার অন্যতম ছিলেন প্রণব মুখোপাধ্যায়। জাস্টিস মনোজ মুখোপাধ্যায় সুদক্ষ ভাবে বিচার করেন তার সামনে থাকা সমস্ত নথিপত্র। এমনকি পূর্ব দু'টি কমিশনের (শাহ্ নাওয়াজ কমিশন ও জি. ডি. খোসলা কমিশন) তুলোনায় এই কমিশনের রিপোর্ট ছিল অনেক বেশি অন্বেষিত ও নিরপেক্ষ। কিন্তু নিয়তির কি অদ্ভুত পরিহাস। রিপোর্টটি যখন সরকারের কাছে

জমা পড়ে তখন মন্ত্রীপরিষদের শীর্ষাসনে রয়েছেন প্রণব মুখোপাধ্যায়। এই যুদ্ধ তো শুধুমাত্র (জাস্টিস) মুখোপাধ্যায় বনাম (মন্ত্রী) মুখোপাধ্যায় কিংবা বাঙালী (বসু) বনাম বাঙালী (মুখোপাধ্যায়) ছিল না; এটি ছিল আরও অনেক বড় এক রাজনৈতিক যুদ্ধ যা আমি আগেই বলেছি। খুব স্বাভাবিক ভাবেই কমিশনের রিপোর্ট খারিচ করার সম্ভাবনা ছিল চূড়ান্ত। ১৭ই মে ২০০৬ -এ রিপোর্টটি Parliament-এ পেশ করা হলে সরকার তা নাখোচ করে দেয়। জায়গায় জায়গায় বিক্ষোভ দেখা দেয়। পরবর্তীকালে প্রণব মুখোপাধ্যায়ের উত্তর ছিল এই যে "... We wanted a discussion on the report but the Bharatiya Janata Party (BJP) stalled the debate."

(...চলবে)

Sources: India's Biggest Cover Up (by Anuj Dhar); Declassified Netaji files placed in National Archives issued in public interest; web articles of Hindustan Times & TOI.

NETAJI: A TRUE INSPIRATION

KAUSANI SAHA

"Netaji". This word, " Netaji". Hearing this word every Indian feels an unexplainable pride; emotion that is indescribable. Not only did he inspire Indians, but also left the whole world in awe. Describing Netaji through words, definitely is not possible because there always remains an itch in our heart that we missed something, some value truly important regarding him. Netaji Subhas Chandra Bose's political views were in support of complete freedom for India with a society and state socialism at the earliest. Even after abounding his political view, a man of praiseworthy wisdom and influence as well as moral ethics. Netaji had the capability to think straight even in tough situation. In fact, ones that will never get him in trouble in the far future.

He is criticized by many even after his struggle just because he used violence as a method to gain independence for India. But here lies the twist. He knew when to act violently and when not. He was hardly a teen when he left home and started gathering allies and food to feed the poor, homeless people on the streets of India.The oppressed, exploited Indians under the British rule were blended by Netaji kind and open heart. He could have easily ganged up on the local police station and brought the farmer justice, but his decision to instead follow this method shows that he was nothing but desperate and left with the only choice of gaining independence through violence.

While we're at that, let's not forget that his range of thinking was wide enough to reach countries far away such as Germany and Japan. His 'Confidence' is not to be underestimated, taking such a huge risk of getting caught on his plan failing, he still travelled such a long distance to shake hands with the then current terror. Adolf Hitler known as the person who was so intimidating that one could not raise his eyes up to him, Ne-

taji went with a proposal of friendship to this man. The level of influence our Netaji has, is beyond imagination to think that at such a crucial time when the countries were already tensed by the World War, he reached Germany and Japan to gather an army who would readily and rapidly fight for the Indian Independence. Holding such influence, but alone on foreigners who have nothing to do with our country, is a “hats off”, here itself.

Again, he wasn’t only busy planning attacks but also had wide knowledge about the current scenario in the world around him. Using political relationships to his advantage, is again, a great applause worthy move.

Confidence, wisdom, influence, knowledge, spirit, kindness, motivation the lust goes on. A few pages aren’t enough to express my respect for this legend.

THE PERPETUAL ANGEL

Sonela Sengupta

As your tiny footsteps embark on the paths of school
I welcome you with the echoes of patriotism in the assembly.
As years pass by and mind opens up for wisdom of the world
I wait for you in the yellow pages of library.
Then comes the moment of your rendezvous with me.
I long to tell you my saga
But the moment you turn the pages, many illuminated faces allure you up
And send me to the abyssal dungeon of nowhere.

Do not think I am gone
I rise with each dawn and fill every corner of the earth with light
In the darkest hour of night I shine like a moon among the stars.
I am with you
I shower my blessings on you with the incessant drops on leaves
My words reach you with the chirping of birds.
Beyond the vision of what you see and perceive
I breathe in the hearts of thousands and still continue to live.

বাঙালিয়ানা ও সুভাষচন্দ্র

PABRISHA DAS

পরণে ধুতি-পাঞ্জাবী এবং গলায় সাদা শাল। বাঙালীর যেন এক অন্যতম সাজ। সুভাষচন্দ্র বসুর মধ্যে দিয়ে যেন সেইরকমই এক খাঁটি বাঙালী ভদ্রলোকের পরিচয় পাওয়া যায়।

চব্বিশ পরগণায় বাঙালীর সর্ব বিখ্যাত 'মহীনগরের বসু পরিবার'-এ সুভাষ বসুর জন্ম হয়। বাঙালী ও কায়স্ত পরিবার। তিনি সঠিকভাবে প্রোটেস্ট্যান্ট ইউরোপিয়ান স্কুলে ইংরেজি লিখিত ও কাব্য-ল্যেটিন, বাইবেল সহবত শিক্ষা, ব্রিটিশ ভূগোল এবং ব্রিটিশ ইতিহাসের পাঠ্যলাভ করলেও, কোন ভারতীয় ভাষা শেখানোর ব্যবস্থা না থাকায়, বাংলা ও সংস্কৃত পাঠ্য লাভের জন্য ভর্তি হলেন রাভেনশ কলেজিয়েট স্কুলে। বাংলা ও সংস্কৃত পাঠ্যলাভের পাশাপাশি সাধারনত গৃহীত না হওয়া হিন্দু ধর্মগ্রন্থ যেমন – বেদ, বেদান্ত ও উপনিষদ সম্পর্কে তিনি পাঠ্যলাভ করতেন। মাতা প্রভাবতী দেবীর কাছ থেকে তিনি হিন্দু দেবী দুর্গা-কালীর উপাসনা এবং আরাধনা করা শেখেন। তাছাড়া রামায়ণ-মহাভারতের মহাকাব্য থেকে গল্প পড়া এবং বাংলা ভক্তিগীতি শুনতেন।

বাঙালী সভ্যতার সকল ব্যক্তি না হলেও কিছু মানুষ আজীবন মানুষের সাহায্যের জন্য তাদের প্রাণ বিসর্জন দিয়ে গেছেন। সুভাষচন্দ্রও তাঁদের মধ্যে একজন সেই মহাপুরুষ। মায়ের কাছ থেকে তিনি এই স্নেহশীল স্বভাব লাভ করেন। দুর্দশাগ্রস্ত, রুগি মানুষদের কাছে সাহায্যের হাত বাড়িয়ে দেন বহুবার। প্রতিবেশী ছেলেদের সাথে স্নেহশীলতায় মগ্ন হয়ে খেলাধুলা ও উদ্যানচর্চা পছন্দ করতেন তিনি।

সুভাষচন্দ্র ছিলেন একজন ধর্মপ্রাণ হিন্দু, একজন খাঁটি বাঙালী এবং একজন প্রকৃত ভারতীয়। ধর্মপ্রাণ হিন্দু হলেও আজাদ হিন্দ ফৌজের পরিচালনায় এবং স্বাধীনতা সংগ্রামের ক্ষেত্রে তিনি ধর্ম নিরপেক্ষ ভাবধারায় সকল ধর্মাবলম্বীদের ঐক্যবদ্ধ করে তুলতে সক্ষম হয়েছিলেন। কিন্তু কিশোরবেলা থেকেই স্বামী বিবেকানন্দর ভাবাদর্শ হওয়ায় তিনি সেই কিশোর বয়স থেকেই ধ্যান অতিবাহিত করতেন। বলা যেতে পারে সুভাষচন্দ্রের কাছে যেকোনো প্রশ্নের উত্তর খুঁজে বের করা অথবা আদি শঙ্করাচার্যের ব্যখ্যা করা বেদান্ত। কুসংস্কার থেকে কুস্বপ্ন মুক্তি করতেও তিনি এই বেদান্তের সাহায্য নিয়েছেন।

সুভাষচন্দ্র ছিলেন বড়োই খাদ্যপ্রিয় এক ব্যক্তি। এক কথায় খাঁটি ভোজন রসিক বাঙালী। ডাল, ভাত, খিচুড়ি, দই, মিষ্টি, মাছ, ভাতেভাত, চপ ইত্যাদি সবই ওনার প্রিয় খাদ্যতালিকায় পরে। বোধগম্য হয় যে এই সমস্ত খাবার কোন ব্যক্তির প্রিয় খাদ্যতালিকায় থাকলে, সে যে শিরায় গড়ে ওঠা নির্মিত খাঁটি বাঙালী তার কোনরকম সন্দেহ নেই। যদিও তাঁকে মাছে-ভাতে বললেও অপরাধ হবে না। ইলিশ

মাছ যে ছিল তাঁর অত্যন্তই প্রিয়। আমরা সকলেই জানি যে জীবনের পরবর্তী সময় এসে সমস্ত আমিশ খাদ্য ত্যগ করেন শুধুমাত্র মাছ ছাড়া। মাতা প্রভাবতী দেবীকে তিনি লেখেন: "A month ago I gave up all non-vegetarian food except fish. Nadada forced me some meat. I want to be Veg because our sages have said that non-violence is a great virtue."

শুধুমাত্র বাঙালী বলে সম্বোধন করা তাঁকে ঠিক হবে না। কারন তিনি একজন বাঙালী নন, একজন প্রকৃত ভারত-সন্তান হয়ে আমাদের স্বাধীনতার জন্য যুদ্ধ করেছেন। তাই শুধু বাংলার বীর সন্তান নয়, গোটা ভারতবর্ষের বীর সন্তান হলেন বীর নেতা সুভাষচন্দ্র বসু।

Aye, Captain!!

Somoshree Palit

Up from the realms of a sunken past,
Down to where gorge is through,
To remain the last yet given the last –
To bid the world, a soft adieu.
A roar as true as a lion in den,
Comeback, O captain.... My captain.

Your golden voice is what we wanna hear,
Your piercing eyes – a flash at night,
The suckling babes overcame all fear,
They sold the flag for want of might.
A rage as deep as the sea is lain,
Comeback, O captain.... My captain.

When for the sake of blood, all martyrs died,
And sunk to the ground with an elegant smile –
Whose forgotten names in tears confide:
"Let me die in your arms a while."
On the way of love where loss is gain,
Comeback, O captain.... My captain.

On the virtuous lie if truth attain,
If whoever wins, the loss be mine,
If o'er and o'er – and o'er again,
I lose the way, and have got to decline –
I'll breathe a life on ye lifeless swain,
I'll bring you back.... My captain.

অন্তর্ধান ও অমরত্ব

ANNWAYA SARKAR

জন্ম মৃত্যু হলো মানবজীবনের স্বাভাবিক প্রক্রিয়া। জন্মালে মরিতে হবে অমর কে কোথা রবে? কিন্তু দেবতার মৃত্যু হয়না। মানুষ রূপে জন্ম নিলেও ঠিক এইরকম মৃত্যুহীন এক ঈশ্বর হলেন নেতাজী সুভাষচন্দ্র বসু। আমরা সবাই জানি ১৯৪৫ সালের ১৮ ই আগস্ট তার চির অন্তর্ধানের কথা। কিন্তু অনেকেই মনে করেন ওইদিন নেতাজীর মৃত্যু হয়নি, অনেকে এও মনে করেন তিনি আজও জীবিত! নেতাজী এমনই একজন ব্যক্তিত্ব যার শুধু জন্মতারিখ টাই আমরা জানি, মৃত্যুর তারিখ টা নয়। অন্তর্ধানের পর নেতাজী সমগ্র দেশবাসীর হৃদয়ে চির অমর হয়ে রয়েছেন।

আজ অব্দি নেতাজী সুভাষচন্দ্র বসুর অন্তর্ধান নিয়ে প্রায় ২২-২৩ টা theory পাওয়া যায়। যদিও উপযুক্ত তথ্য ও প্রমাণের অভাবে তার বেশিরভাগ ই নাকচ করাই যায়।এর মধ্যে প্রধান ও গুরুত্বপূর্ণ হলো তিনটি থিওরি। ১: তিনি বিমান দুর্ঘটনা তেই মারা যান তাইহকু বিমানবন্দরে। ২: তিনি রাশিয়া পালিয়ে যান ও সেখানেই তাকে খুন করা হয়। ৩: তিনি ভারতে ফিরে আসেন ও উত্তর প্রদেশের ফাইজাবাদ এসে আশ্রয় নেন। এছাড়াও আরো অনেক থিওরি আছে।কেউ বলেন আজাদ হিন্দ সরকার এর সোনা ও টাকা এর লোভে তাকে খুন করা হয়।কেউ বলেন তিনি ঐ তথাকথিত প্লেন ক্র্যাশ এর পর রাশিয়া না গিয়ে ওখানেই থেকে যান।অনেকে বলেন কোচবিহারের সৌলমারি আশ্রমের সাধুবাবা ছিলেন নেতাজি। যদিও এর সপক্ষে যুক্তি ও প্রমাণ খুব একটা পাওয়া যায় না। তাই প্রধান ৩ টি থিওরিই আলোচিত হয়।

(১) বিমান দুর্ঘটনায় মৃত্যু

১৯৪৫ সালের ১৮ ই আগস্ট তাইহোকু বিমানবন্দরে দুর্ঘটনায় নেতাজীর মৃত্যু সংবাদ পাওয়া যায়।প্রথমে এই নিয়ে সেভাবে কোনো রহস্য থাকে না।পরবর্তীকালে এক মার্কিন সাংবাদিক পণ্ডিত নেহেরুর সম্মেলনে বলেন,তার কাছে খবর আছে নেতাজী কে সাইবেরিয়ায় দেখা গেছে। এমনকি গান্ধীজি ও বিশ্বাস করতেন না সুভাষ মারা গিয়েছে।তিনি এমনকি নেতাজীর দাদা শরৎ চন্দ্র বসু কে চিঠিতে লিখেছিলেন সুভাষের শ্রাদ্ধ যেনো না করা হয়।যদিও প্রথম দুটি কমিশন রিপোর্ট অনুযায়ী বিমান দুর্ঘটনা তেই তার মৃত্যু হয়।এই থিওরির যথেষ্ঠ ফাঁকফোকর আছে।

যদিও ইতিহাসের পাতায় আমরা এটাই পড়ে এসেছিলাম বিমান দুর্ঘটনা তেই নেতাজীর মৃত্যু হয়। এমনকি শাহনাওয়াজ কমিশন ও খোসলা কমিশন রিপোর্ট ও সেটাই বলে।কিন্তু সব হিসেব পাল্টে দেয় কলকাতা হাইকোর্ট এর নির্দেশে গঠিত মুখার্জী কমিশন এর রিপোর্ট।যাতে জাস্টিস

মনোজ কুমার মুখার্জী প্লেন ক্র্যাশ থিওরি কে নাকচ করেন।

এখন মনে করা হয় তিনি টাইহোকু বিমানবন্দর থেকে টোকিও যাচ্ছিলেন।কিন্তু না,তিনি যাচ্ছিলেন রাশিয়া।কারণ তিনি বিশ্বাস করতেন,তিনি রাশিয়া ও জাপানের মধ্যে সম্পর্কের উন্নতি ঘটাতে সক্ষম হবেন। এখন প্রশ্ন হলো,তিনি কেনো শুধুমাত্র হাবিবুর রহমান কে সঙ্গে নিয়ে একটা জাপানি বোমারু বিমানে চড়ে বসলেন যেখানে আই এন এ এর নিজস্ব 12 সিটার বিমান তৈরি ছিল? কোথায় প্লেন ক্র্যাশ হয় সেই নিয়েও অনেক দ্বিমত।কেউ বলে এরোড্রম এর ভিতরে, কেউ বলে এরোড্রমএর বাইরে কিন্তু রান ওয়ে এর মধ্যে,কেউ বলে রান ওয়ে এর বাইরে। অনেকে বলেন ক্রাশের পর নেতাজী আগে বেরিয়ে আসেন,অনেকে বলেন হাবিবুর। কেউ বলেন হাবিবুর নেতাজী কে বের করে আনেন। এমনকি জাপানি ডক্টর টিওসিমি প্রথম দুটি কমিশন অর্থাৎ শাহনাওয়াজ কমিশন ও খোসলা কমিশন কে ভিন্ন ভিন্ন কথা বলেন।প্রথমে বলেন নেতাজীর হৃদয় পুড়ে গিয়েছিল, পরে বলেন যায় নি। একবার বলেন তার ৪০০ সিসি ব্লাড ট্রান্সফিউশন এর দরকার হয়,পরে বলেন হয় না।

শেষ মেষ তাইওয়ান সরকারের অফিসিয়াল রিপোর্ট অনুযায়ী ওইদিন কোনো বিমান দুর্ঘটনা ঘটেনি,এমনকি সারা আগস্ট মাসেই কোনো বিমান দুর্ঘটনা ঘটেনি। যদিও এর উত্তরে অনেকে বলেন, দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন টালমাটাল পরিস্থিতির কারণে রেকর্ড রাখা সম্ভব হয় নি। কিন্তু ১৯৪৪ এও তো যুদ্ধ চলছিল, তাহলে সেই সময়ের বিমান দুর্ঘটনা এর রেকর্ড রইলো কি করে। এমনকি হাসপাতাল, ক্রেমাটরিয়াম, ফায়ার ব্রিগেড কোনো দপ্তর থেকে ই এমন কোনো সন্দেহাতীত প্রমাণ পাওয়া যায় না যা থেকে বলা যায় বিমান দুর্ঘটনা ঘটেছিল। একমাত্র একটাই ক্রিমেশন পারমিট পাওয়া যায় একটা মাত্র ডেথ সার্টিফিকেট এর ওপর ভিত্তি করে,যেটা ছিল ইচিও ওকুরা নামে এক জাপানি ভদ্রলোকের। অবশ্য নেতাজীর সঙ্গে একই বিমানে থাকা জেনারেল শিদেই বা অন্যান্য সহযাত্রী দের ক্ষেত্রে এটুকু প্রমাণ ও পাওয়া যায় না। বলা হয় প্লেন ক্র্যাশ তে তিনিও মারা যান।তাহলে তার মৃতদেহ কিভাবে কর্পূরের মত উবে গেল? শোনা যায়, হাবিবুর রহমান নেতাজীর মৃতদেহের মুখের দিকের কোনো ছবি তুলতে দেন নি, কারণ তিনি চাননি নেতাজী কে দেশবাসী এই অবস্থায় দেখুক। বলা হয় জাপানের রেনকোজী মন্দিরে রাখা আছে নেতাজীর দেহাবশেষ। যদিও মুখার্জী কমিশনের রিপোর্ট অনুযায়ী ঐ দেহাবশেষ নেতাজীর নয়।

(২) রাশিয়া তে মৃত্যু

অনেকেই মনে করেন, ঐ বিমান দুর্ঘটনা ছিল সাজানো ও পরিকল্পিত। এর পর তিনি মঞ্চুরিয়া এর পথ হয়ে রাশিয়া পালিয়ে যান। সেখানেই বন্দী হন সাইবেরিয়ার এক জেলে।সেখানেই তাকে টর্চার ও খুন করা হয়।যদিও রাশিয়া সরকার এই তথ্য পুরোপুরি নাকচ করে জানিয়েছে,তাদের হাতে নেতাজী সংক্রান্ত কোনো ফাইল নেই।অনেকে বলেন পণ্ডিত নেহেরুর উস্কানিতে স্টালিন নেতাজী কে খুন করেন রাশিয়ায়।ব্যাপার টা মোটেই যুক্তিপূর্ণ নয়,কারণ নেহেরুর সঙ্গে স্ট্যালিনের সম্পর্ক মোটেও ভালো ছিল না।

(৩) গুমনামি বাবা

বিখ্যাত সাংবাদিক ও লেখক অনুজ ধর, চন্দ্রচূড় ঘোষ, এছাড়াও আরো অনেক বিশিষ্ট নেতাজী গবেষক এটাই মনে করেন নেতাজী রাশিয়া থেকে পালিয়ে এসে ভারতেই ওঠেন, উত্তরপ্রদেশের ফাইজাবাদে। সেখানেই বাকি জীবন টা কাটান। ১৯৮৫ সালে ১৬ সেপ্টেম্বর তার দেহাবসান হয়।এখন স্বাভাবিক ভাবেই প্রশ্ন ওঠে,তিনি কেনো আত্মগোপন করে রইলেন? কেনো সামনে এলেন না? উত্তরে অনেকে বলেন, ওনার সাইকোলজিক্যাল ট্রমা হয়ে গেছিলো, সাইবেরিয়ার জেলে থাকাকালীন নিরন্তর অত্যাচার সহ্য করার ফলে। এখন ট্রমা মানে কিন্তু এই নয় যে তিনি পাগল হয়ে গিয়েছিলেন, এটা হলো সত্মার পরিবর্তন। এছাড়াও তিনি বিশ্বাস করতেন,মিত্রশক্তির যুদ্ধাপরাধী তালিকায় তার নাম ছিল।তাই তিনি বাইরে এলে ভারত সরকার বাধ্য হতো তাকে মিত্রশক্তির হাতে তুলে দিতে। এর ফলে সারা দেশে দারুন এক আচলবস্থার সৃষ্টি হতে পারত। ১৯৭১ সালে ভারত রাষ্ট্রসঙ্ঘের নতুন যুদ্ধাপরাধী চুক্তিতে স্বাক্ষর করে। এখন প্রশ্ন হচ্ছে,কেনো? ১৯৭১ সালে ভারতের কোন যুদ্ধাপরাধী জীবিত ছিল?

প্রশ্ন ওঠে, তিনি রাশিয়া থেকে পালিয়ে উত্তরপ্রদেশ কিভাবে এলেন? প্রশ্নটা খুব ই বাস্তব। কিন্তু তিনি ছিলেন নেতাজী সুভাষ,তাই তার পক্ষে অসম্ভব কিছু নয়। মহানিষ্ক্রমনের সময়েও ইংরেজরা তাকে কড়া নজরবন্দী করে রেখেছিল।তবুও কিন্তু তিনি দেশ ছেড়ে পালাতে সক্ষম হন।

এখন যে সমস্ত মানুষ রা বিশ্বাস করতেন উনি ই নেতাজী ছিলেন,সেই তালিকা ও খুব দীর্ঘ। সেই তালিকায় রয়েছেন নেতাজীর অনেক পুরোনো সতীর্থ কমরেড রা। যেমন লীলা

রায়, সমর গুহ, সুনীল কৃষ্ণ গুপ্ত, অতুল সেন, পবিত্র মোহন রায়। ভগবান জীর মৃত্যুর পর তার ঘর থেকে অসংখ্য চিঠি পাওয়া যায়, যেগুলি তিনি লিখেছিলেন লীলা রায়,পবিত্র মোহন রায় দের। এনারাও ভগবানজীকে অসংখ্য চিঠি লিখেছিলেন, যেখানে তারা পরোক্ষভাবে ওনাকে নেতাজী হিসেবে চিহ্নিত করেছিলেন। সুনীল কৃষ্ণ গুপ্ত এর পরিবারের সদস্যরা প্রায় সবাই ছিলেন স্বাধীনতা সংগ্রামী, বিখ্যাত বিনয় বাদল দিনেশ ত্রয়ীর দিনেশ গুপ্ত ছিলেন তার ভাই। এখন এরকম একজন ব্যাক্তি, যার নেতাজীর সঙ্গে পূর্ব পরিচয় ছিল, তিনি নেতাজীকে চিনতে ভুল করবেন, এমনটা হওয়া কঠিন।

এছাড়াও তার ঘর থেকে বহু জিনিস পাওয়া যায়,বাংলা ও ইংরেজীতে লেখা অসংখ্য বই, যেগুলো কোনো সাধারণ সাধুবাবা কেনো পড়বেন সেটা এক রহস্যের ব্যাপার। এছাড়াও পাওয়া যায় জাপানিজ ফিল্টার, দ্বিতীয় বিশ্বযুদ্ধে ফ্ল্যাশ লাইট, বাইনোকুলার ইত্যাদি। পাওয়া যায় নেতাজীর পিতা মাতা এর ছবিও। যদিও মুখার্জী কমিশন শেষে বলে, উপযুক্ত ও অকাট্য প্রমাণ এর অভাবে এটা বলা যায় না যে উনি নেতাজী ছিলেন।

নেতাজী হলো এক আদর্শ, এক শক্তি, যার শুধু জন্মই হয়, মৃত্যু নয়। তাই তিনি চিরকাল আপামর ভারতবাসীর হৃদয়ে অমর হয়েই থাকবেন।

(সমাপ্ত)

ভাঙা কাঁচের জানালা

পত্রলেখা কর্মকার

ঝরে গেছে কত রক্ত,
রয়ে গেল সেই চিহ্ন;
বয়ে গেছে প্রবল হাওয়া,
থেকে গেলে তুমি স্বাক্ষী।
সেই ফাঁক দিয়ে বাড়ালে তোমার হাত,
তাকিয়ে রইলে দু-চোখ ভরে;
কখনো সূর্যের আলো হয়ে,
আবার কখনো মেঘলা দিনের বৃষ্টি হয়ে।
কত স্মৃতি, কত গল্প, কত ভালোবাসা,
আগলে রেখেছি কিন্তু ভাঙেনি প্রত্যাশা;
ভাঙা কাঁচের জানালায়, ছিলে তুমি চিরকাল,
ভালোবাসার পাখি হয়ে, ফিরে এসো অনন্তকাল।

THE TALE OF BLOOD

অগ্নিযুগের ব্রহ্মা : নিরালম্ব স্বামী (যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়)

ARNAB BANERJEE

স্বামী বিবেকানন্দের কনিষ্ঠ ভ্রাতা বিপ্লবী শ্রী ভুপেন্দ্রনাথ দত্ত একবার বর্ধমানের এক ছাত্র সম্মেলনে ভাষণ দিতে গিয়ে বললেন "তোমরা নেতা খুঁজে বেড়াচ্ছ কোথায়? বিপ্লবের বড়দা বসে আছেন চান্নায়। যাও তাঁর কাছে।"

বিপ্লবী ভুপেন্দ্রনাথ দত্তের বলা 'বড়দা' কে ছিলেন? কি ছিল তাঁর ভারতের স্বাধীনতা সংগ্রামে অবদান? আশা করি পাঠকের জানতে কৌতূহল হচ্ছে। আজ তাঁর কথাই বলবো। এই 'বড়দা' ওরফে 'নিরালম্ব স্বামী' ওরফে যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়কে বলা হয় 'ভারতের অগ্নিযুগের ব্রহ্মা'।

যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের জন্ম হয় ১৯শে নভেম্বর ১৮৭৭ সালে বর্ধমানের 'চান্না' গ্রামে। তাঁর পিতা কালিদাস বন্দ্যোপাধ্যায় ছিলেন অবিভক্ত বাংলার খুলনা / যশোর কোর্টের পেশকার। মাতা অসম্ভাবিনী দেবী। ছেলেবেলায় গ্রামের পাঠশালাতেই তিনি প্রাথমিক শিক্ষা লাভ করেন । এরপর বর্ধমানের রাজ কলেজে ভর্তি হয়ে F. A. (First Arts) পরীক্ষায় উত্তীর্ণ হন। যতীন্দ্রনাথের পিতার ইচ্ছা ছিল তাঁর ছেলেও তাঁরই মতো উচ্চশিক্ষালাভ করে সরকারী চাকরীতে যোগদান করুক। কিন্তু যতীন্দ্রনাথের চিন্তাধারা ছিল অন্যরকম। F. A. পরীক্ষায় পাশ করার পর অবসর সময়ে বঙ্কিমচন্দ্রের 'আনন্দমঠ' উপন্যাস পড়ে দেশপ্রেমে উদ্বুদ্ধ হন। শক্তিশালী ইংরেজ শাসকদের দেশ থেকে বিতারিত করতে সশস্ত্র সংগ্রাম যে অত্যন্ত প্রয়োজন সেকথা উপলব্ধি করতে তরুণ যতীন্দ্রনাথের বিন্দুমাত্র অসুবিধা হল না আর তাই পিতার নির্দেশ অমান্য করে বেড়িয়ে পড়লেন সেনাদলে ভর্তি হওয়ার জন্য। পরাধীন দেশে ততদিন বাংলায় দামালদের সশস্ত্র আন্দোলনের কথা ছড়িয়ে পড়েছিল। দেশীর রাজারা আর বঙ্গসন্তানদের সেনাবাহিনীতে নিতে চাইছিলেন না। ঘুরতে ঘুরতে যতীন্দ্রনাথ এলেন এলাহাবাদে। এরপর গ্রাসাচ্ছাদনের জন্য এলাহাবাদে প্রবাসীর সম্পাদক রামানন্দ চট্টোপাধ্যায়ের পুত্র-কন্যাদের গৃহশিক্ষকতার কাজে যুক্ত হন। এই তথ্য আমরা পাই রামানন্দ বাবুরই কন্যা সীতা দেবীর "যুগান্তর সাময়িকী" (অধুনালুপ্ত) বাংলা দৈনিকে। পরবর্তীতে এই রামানন্দ চট্টোপাধ্যায়ের পরামর্শে তিনি 'যতীন্দর উপাধ্যায়' ছদ্মনামে বরোদার মহারাজের সেনাবাহিনীতে যোগদান করেন।

ছেলেবেলা থেকেই যতীন্দ্রনাথ ছিলেন ডাকাবুকো এবং দুরন্ত প্রকৃতির। নিজের দুরন্ত ছেলেকে সুশীল সুবোধ করার জন্য তাঁর পিতা তাঁকে এক সাধুর কাছে নিয়ে যান। ঐ সাধুবাবা নিজেকে 'অ-বন্দুকবিদ্ধ' বলে প্রচার করতেন। বালক যতীন্দ্রনাথ ঐ সাধুবাবার সত্যতা যাচাই করার জন্য লুকিয়ে পিতার পিস্তল নিয়ে ঐ সাধুবাবাকে গুলি করতে যান। বাড়ির

লোকেরা টের পেয়ে কোনরকমে পরিস্থিতি সামলে দেন।

পরবর্তীকালে বরোদার মহারাজের সেনাবাহিনীতে অশ্বারোহী সৈনিক হিসাবে যোগদানের পরও একটি দুঃসাহসী ঘটনার সাথে জড়িয়ে পড়েন যতীন্দ্রনাথ। ঘটনাটি ছিল এরকম : - একদিন বরোদার মহারাজা যখন নগর পরিভ্রমণে বেড়িয়েছিলেন তখন তাঁর গাড়ির একটি ঘোড়া হঠাৎ অদ্ভুত আচরণ শুরু করে এবং সহিসের হাজার চেষ্টাতেও না থেমে ছুটতে থাকে পাগলের মতো । ঐ ঘোড়ার গাড়িতে সহিস এবং স্বয়ং মহারাজা আতঙ্কে চিৎকার করতে থাকেন। সেই চিৎকার শুনে যতীন্দ্রনাথ সামনে এসে দাঁড়ায় এবং প্রাণপণ শক্তিতে ঘোড়াটিকে থামায়। এরকম একটি দুঃসাহসী কাজে খুশি হয়ে তাঁকে নিজের ব্যক্তিগত দেহরক্ষী হিসাবে মহারাজা নিযুক্ত করেন। তবে ঐ দামাল ঘোড়াকে থামাতে গিয়ে যতীন্দ্রনাথ নিজেও গুরুতর আহত হন। তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়। মহারাজ তাঁর সেক্রেটারীকে দায়িত্ব দেন আহত যতীন্দ্রনাথের চিকিৎসায় কোন ত্রুটি যেন না হয়। মহারাজের নির্দেশে ঐ সচিব বরোদা হাসপাতালে আসেন আহত সৈনিক যতীন্দ্রনাথকে দেখতে। সেক্রেটারী মশাই আহতের কাছে এসে শুনলেন সে অস্ফুটে বলছেন, বাবা গো ... মা গো। বিস্মিত সেক্রেটারী নিজেও ছিলেন বাঙালী। তাই তিনি যতীন্দ্রনাথকে জিজ্ঞাসা করেন – সুদূর বাংলা থেকে এসে এক বাঙালী যুবক কিভাবে ভর্তি হল বরোদার রাজকীয় বাহিনীতে?

আশা করি পাঠকদের কৌতূহল হচ্ছে এটা জানতে যে কে ছিলেন ঐ বাঙালী সচিব? ঐ বাঙালী সচিব ছিলেন মহাবিপ্লবী শ্রী অরবিন্দ ঘোষ; যিনি নিজেও ইংরেজদের চাকরী যাতে না করতে হয় তার জন্য ইচ্ছাকৃত ভাবে ICS পরীক্ষায় অশ্বারোহনে ফেল করে ঐ একই সময়ে বরোদার মহারাজের কাছে চাকরি নিয়েছিলেন। পরবর্তীকালে পরিচয় হতে অরবিন্দ শুনলেন এক অদ্ভুত কাহিনী। বাংলায় এক প্রত্যন্ত গ্রামের এই যুবক এতদূর ছুটে এসেছে শুধু একটাই কারণে। আগ্নেয়াস্ত্রের ব্যবহার শিখে অগ্নিমন্ত্রে দীক্ষা দেবেন বাঙালী যুবকদের জন্মভূমিকে উদ্ধার করবেন পরাধীনতার শৃঙ্খল থেকে।

বরোদাতে থাকার সময় তাঁর আলাপ হয় বাল গঙ্গাধর তিলকের সাথে। এই মহান নেতার সাথে কথা বলার পর তাঁর মনে স্বদেশের প্রতি অনুরাগ আরও গাঢ় হয়। পরবর্তীকালে অরবিন্দ ও যতীন্দ্রনাথ দুজনেই অনুভব করলেন এভাবে ভিন রাজ্যে পড়ে থাকলে লাভ হবে না। তাই একে একে দুজনেই চাকরি ছেড়ে ফিরে এলেন কলকাতায়। এরপর বিংশ শতাব্দীর প্রারম্ভকালে অরবিন্দ ঘোষ বাংলার বুকে সশস্ত্র বিপ্লবী সংগঠন গড়ে তোলার উদ্দেশ্যে যতীন্দ্রনাথকে বাংলাতে আসার আহ্বান জানান। অরবিন্দের আহ্বানে সারা দিয়ে ১৯০০ সালে কলকাতায় এসে ১০৮ সারকুলার রোডে এক বিপ্লবী কেন্দ্র গড়ে তোলেন যার নাম দেওয়া হয়েছিল 'ইস্টক্লাব'। পরবর্তীতে এই সংগঠন 'অনুশীলন সমিতির' সাথে যুক্ত হয়। ১৯০২ সালে অরবিন্দ ঘোষের পরামর্শে যতীন্দ্রনাথ এবং অরবিন্দের ভাই শ্রী বারীন ঘোষ কলকাতায় বাগবাজারে সরলা দেবীর সঙ্গে সাক্ষাৎ করতে আসেন। সেখানেই তাঁদের সাথে আলাপ হয় প্রখ্যাত ব্যারিস্টার পি. মিত্র এবং সতীশচন্দ্র বসুর সাথে।

এরপর ১৯০২ সালের ২৪শে মার্চ (বাংলার ১০ই চৈত্র ১৩০৮ বঙ্গাব্দ) সোমবার, হেদুয়ার নিকটবর্তী ২১ নং মদন মিত্র লেনে এক ছোট বারিতে সতীশচন্দ্র বসুর উদ্যোগে এবং পি. মিত্র, যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের সহায়তায় বরোদা থেকে আসা যুবক দল ও বাংলার বিপ্লবীদের নিয়ে গড়ে ওঠে অনুশীলন সমিতি নামে দুর্ধর্ষ বিপ্লবী সমিতি। বলা ভালো বিপ্লবীদের শিক্ষাকেন্দ্র। এই সমিতির সহ-সভাপতি ছিলেন পি. মিত্র এবং মহাসভাপতি ছিলেন দেশবন্ধু চিত্তরঞ্জন দাস ও অরবিন্দ ঘোষ, কোষাধক্ষ রূপে সুরেন ঠাকুর সমিতির দায়িত্ব নেন। এছাড়াও বহু নামী বিপ্লবী নেতা এই সংগঠনের সঙ্গে যুক্ত ছিলেন। সখারাম গণেশ দেউস্কর এখানে অর্থনীতি পরাতেন, পি. মিত্র নিজে পড়াতেন ইতিহাস এবং যতীন্দ্রনাথের উপর দায়িত্ব ছিল যুবক বিপ্লবীদের শৃঙ্খলাবোধ, আধ্যাত্মবাদ ও সামরিক শিক্ষার। এখানে বিপ্লবীদের হিন্দুধর্ম শাস্ত্রপাঠ করানো হত। বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে এই সমিতির সদস্যরা সেদিন অচল করে দিয়েছিল ইংরেজদের প্রশাসনিক কাজকর্ম। বিপ্লবীদের দাপটে সন্ত্রস্ত হয়ে পড়েছিল ব্রিটিশ প্রশাসন। শোনা যায় এই সমিতির সঙ্গে যুক্ত ছিলেন স্বয়ং ভগিনী নিবেদিতাও। কিছুদিন পর এর দপ্তর হয় ৪৯, কর্নওয়ালিস স্ট্রীটে। এর মধ্যে বারীন ঘোষের উদ্যোগে তাঁদের পৈত্রিক বাগানবাড়িতে তৈরী হয় একটি বোমা কারখানা। এই কারখানার সাথে হেমচন্দ্র কানুনগো, উল্লাস কর দত্তের মতো বিপ্লবীরা। সমিতি এবং এই কারখানার মধ্যে সমন্বয় রক্ষার কাজটি করতেন যতীন্দ্রনাথ। তবে দেশে ফেরার পর প্রথমেই কিন্তু যতীন্দ্রনাথ কলকাতার সংগঠনের দায়িত্ব গ্রহন করেন নি। প্রথমে তিনি যান নিজের গ্রামে চান্নায়। এরপর চন্দননগরে; আর এই চন্দননগরেই সুহৃদ সম্মিলনী কক্ষে গেরুয়া বসনধারী এই বিপ্লবী নেতার হাত ধরেই বিপ্লবের পথে পা রাখেন মহা বিপ্লবী রাসবিহারী বসু। ১৯০৩ সালে তাঁর যোগেন্দ্র বিদ্যাভূষণের সঙ্গে যোগাযোগ হয় এবং বিদ্যাভূষণের বাড়িতেই তাঁর সাথে আলাপ

হয় ললিত চট্টোপাধ্যায় ও বাঘাযতীনের। সেই থেকে বাঘাযতীনের সঙ্গে তাঁর হৃদ্যতা গড়ে ওঠে। পরবর্তীকালেও বাঘাযতীন বৈপ্লবিক নানা কাজে তাঁর পরামর্শ নিতেন।

১৯০৪ সালে অর্থ সংগ্রহের জন্য কয়েকজন স্বদেশীরা তারকেশ্বরে ডাকাতি করার কথা শুনে যতীন্দ্রনাথ ক্ষুব্ধ হন। তাঁর সঙ্গে আদর্শ, নীতি, শৃঙ্খলা নিয়ে সমিতির প্রমুখ নেতৃবৃন্দের সাথে মতবিরোধ গড়ে ওঠে। মানসিক আঘাত পেয়ে তিনি সমিতির কাজ থেকে নিজেকে সরিয়ে নেওয়ার সিদ্ধান্ত নেন। পরিস্থিতির গুরুত্ব বুঝতে পেরে সমিতির বিশৃঙ্খল পরিস্থিতি দূর করার জন্য পাঞ্জাব এবং পশ্চিম ভারতে অনুশীলন সমিতির গুপ্ত শাখা গড়ে তোলার উদ্দেশ্যে এবং বিপ্লবী কর্মকাণ্ডের প্রচারের জন্য পি. মিত্র যতীন্দ্রনাথকে পাঞ্জাবে পাঠানোর সিদ্ধান্ত নেন। সংগঠনের ভার অরবিন্দ ঘোষের হাতে দিয়ে যতীন্দ্রনাথ উত্তর ভারতের উদ্দেশ্যে যাত্রা করেন। পাঞ্জাবে আসার পর যতীন্দ্রনাথ সবার আগে দেখা করেন "কোমাগা তামারু" খ্যাত বাবা গুরুজিৎ সিং -এর সাথে। তাঁর সাথে মিলে পাঞ্জাবে 'গদর পার্টি' নামক এমন এক সংগঠন গড়ে তোলেন যাদের মুখ্য উদ্দেশ্য ছিল সেনাবাহিনীর শিখ রেজিমেন্টের মধ্যে দেশাত্মবোধ জাগ্রত করা। এখানেই তাঁদের সাথে সহকর্মী হিসেবে যোগদান করেন ভগত সিংহ -এর পিতা কিষেণ সিং। বিদ্রোহ সৃষ্টির উদ্দেশ্যে গুরুজিৎ সিংকে নিয়ে সেনাবাহিনীর মধ্যে প্রথম মশালটি জ্বালান যতীন্দ্রনাথই। কিষেণ সিং ছাড়াও একে একে দলে যোগ দেন বিপ্লবী অজিৎ সিং, লালা হরদয়াল, লালা অমরদাস, ওবেদুল্লা সিন্ধি, পেশোয়ারের ডাঃ চারু ঘোষ, অম্বালার ডাঃ হরিচরণ মুখপাধ্যায়ের মত নেতৃবৃন্দ।

১৯০৭ সালে 'সন্ধ্যা' পত্রিকার সম্পাদক ব্রহ্মা বান্ধব উপাধ্যায়ের মৃত্যু হলে যতীন্দ্রনাথ এই পত্রিকার সম্পাদকের ভার গ্রহণ করেন। কলকাতায় কাগজের ভার নিয়েই 'মরি নাই আমি আসিয়াছি' নামে এক জোরালো প্রবন্ধ লেখেন। কিন্তু 'সন্ধ্যা' পত্রিকার পরিচালকগণের এরকম গরম রাজনৈতিক প্রবন্ধ পছন্দ হলো না। ফলস্বরূপ যতীন্দ্রনাথের সাথে তাদের মতবিরোধ শুরু হয়। মতবিরোধের জেরে তিনি পত্রিকার কাজে ইতি টেনে অন্নদা কবিরাজের বাড়িতে ওঠেন। সেখানে থাকার সময়ই তাঁর সাথে আলাপ হয় 'বন্দেমাতরম্' পত্রিকার নিখিল রায় মৌলিক, কার্তিক দত্ত, কিরণ মুখোপাধ্যায়ের প্রমুখ ব্যক্তিবর্গের সাথে।

এরই মধ্যে ১৯০৮ সালের ৩০শে এপ্রিল ঘটে যায় এক ঐতিহাসিক ঘটনা। ঐ দিন বিহারের মুজাফফরপুরে রাত সাড়ে আটটার সময় ইওরোপিয়ান ক্লাবের সামনে বোমা ছুঁড়ে তিন জন ইংরেজকে হত্যা করে ক্ষুদিরাম বসু এবং প্রফুল্ল চাকী। এই বোমা বিস্ফোরণের পরই পুলিশ তদন্ত করতে গিয়ে মুরারি পুকুরের বাগানবাড়িতে বোমা কারখানার হদিস পায় ২রা মে তারিখে। পড়ে ২১শে মে ১৯০৮ তারিখে শুরু হয় ঐতিহাসিক আলিপুর বোমা মামলা। সাত চল্লিশ জন বিপ্লবীকে গ্রেপ্তার করা হয় এই মামলার অভিযুক্ত হিসাবে। নরেন গোস্বামী নামের এক বিশ্বাসঘাতক বিপ্লবীর স্বীকারোক্তিতে অভিযুক্ত করা হয় যতীন্দ্রনাথকেও। তবে উপযুক্ত প্রমাণের অভাবে তাঁকে মুক্তি দেওয়া হলেও কারারুদ্ধ করা হল অরবিন্দ ঘোষকে। মুক্তি পাওয়ার পর আবার অনুশীলন সমিতির নেতৃবর্গের সাথে মতানৈক্যের জেরে বিপ্লবী জীবনের সাময়িক ছেদ ঘটিয়ে তিনি হিমালয়ে চলে যান। পরে এলাহাবাদে সোহং স্বামীর সান্নিধ্য লাভের পর শ্যামাকান্ত বন্দ্যোপাধ্যায়ের কাছে দীক্ষা নেন। দীক্ষা নিয়ে তাঁর নাম হয় 'নিরালম্ব স্বামী'। যুবক বয়সেই তাঁর বিবাহ হয়েছিল 'হিরন্ময়ী' নামক এক অল্প বয়স্ক বালিকার সাথে। সন্ন্যাস গ্রহণ করে বাংলায় ফিরে তিনি সবার আগে দিক্ষা দেন তাঁর স্ত্রী-কে। দীক্ষা গ্রহণের পর 'হিরন্ময়ী দেবী' -র নাম হর 'চিন্ময়ী দেবী'।

এরপর ১৯০৮ সালেই তিনি নিজের গ্রাম চান্নাতেই একটি আশ্রম প্রতিষ্ঠা করেন। আশ্রমের নাম হয় 'আশ্রম চান্না'। বিগ্রহ বিহীন সোহং দর্শনের উপড়ই প্রতিষ্ঠিত এই আশ্রমটি তিনি আত্মানুসন্ধানের উদ্দেশ্যেই প্রতিষ্ঠা করেছিলেন। সংযম, ধৈর্য, সাহস, সহিষ্ণুতা, ক্ষমতা, ভক্তি, নিষ্ঠা, সহমর্মিতা – এই নীতিগুলির উপর ভিত্তি করেই গড়ে উঠেছে এই আশ্রম যেখানে যতীন্দ্রনাথ সোহ্-হং ধর্মের বীজ বপন করে গিয়েছিলেন যা আজও ফল-ফুলে বিরাজিত এবং সংসারী পথক্লান্ত মানুষের শান্তির নীড় ও মুক্তির আশ্রয়স্থলে পরিণত হয়েছে। বিপ্লবী জীবন ত্যাগের পরও তিনি পরক্ষভাবে বিপ্লবীদের সাথে যোগাযোগ রাখতেন এবং ভারতের মুক্তি সংগ্রাম এগিয়ে নিয়ে যেতে সাহায্য করতেন। 'খড়ি' নদীর পাড়ে চারটি থানার মাঝে জঙ্গল ঘেরা ঐ আশ্রমের একটি বটগাছের নিচেই চলত ইংরেজ শাসকের বিরুদ্ধে সংগ্রামের রূপ-রেখা তৈরীর গোপন বৈঠক। এই বৈঠকে উপস্থিত থাকতেন রাসবিহারী বসু, অরবিন্দ ঘোষ, বারীন্দ্রনাথ ঘোষের মত স্বাধীনতা সংগ্রামীগণ। বিভিন্ন পত্র-পত্রিকা, নিবন্ধ ও আশ্রমের স্মরনিকা থেকে আমরা জানতে পারি যে, এই আশ্রমে এসেছিলেন লালা লাজপত রায় থেকে শুরু করে দেশবন্ধু চিত্তরঞ্জন দাস, যদুগোপাল মুখার্জী, ভুপেন্দ্রনাথ দত্ত, ফকির রায়, বিনয় চৌধুরী, কিষেন সিং সহ বহু বিখ্যাত ব্যক্তিবর্গ। এরকম আসা যাওয়া এখানে লেগেই থাকত। পুলিশের খাতায় মোস্ট ওয়ান্টেড বিপ্লবীরা

বহুবার নিরাপদে আশ্রয় নিয়েছেন এখানে। এমনকি বিপ্লবীদের গোপনে ধরার জন্য ‘খানা জংশন’ -এর কাছে একটি পুলিশ ফাঁড়ি তৈরী করতে বাধ্য হয় ব্রিটিশ সরকার। ইতিহাস ঘেঁটে যতদূর জানা যায় বরানগরের যোগেন্দ্র বসাক লেনের (বর্তমান বরানগর থানার বিপরীত দিকের রাস্তা) একটি বাড়িতে ১৯২৮ -এর ডিসেম্বর মাসে একবার মাত্র কিছুক্ষণের জন্য এসেছিলেন ভগত সিং। তাঁর উদ্দেশ্যে ছিল অনুশীলন সমিতির আদিপর্বের বিপ্লবী সংগঠক যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করা যিনি ততদিনে রাজনীতির সংস্পর্শ ছেড়ে ‘নিরালম্ব স্বামী’ নাম নিয়ে সাধু হয়ে গেছেন। ঐ সময়ে তিনি ঐ বাড়িতেই তাঁর এক শিষ্যের কাছে ছিলেন। এই তথ্য খুব কম লোকই জানেন।

যতীন্দ্রনাথ প্রতিষ্ঠিত আশ্রমটি ছিল সুসজ্জিত এবং ফুল ফলে পরিপূর্ণ। কিন্তু ১৯৭৮ এবং ১৯৯৮ সালের দুটি বন্যা এবং দীর্ঘদিন ব্যাপী রক্ষনাবেক্ষনের অভাবে আজ বিপ্লবীদের এই গোপন আস্তানাটি অবহেলিত এবং ভগ্নপ্রায় হয়ে পড়েছে। আগেকার বহু ঘর-বাড়ি আগেই নষ্ট হয়ে গেলেও টিনের চাল দেওয়া বিপ্লবীদের দুটি আস্তানা এবং যতীন্দ্রনাথ, ফকির রায় প্রমুখ বিপ্লবীদের মূর্তিগুলি আজও এই গৌরবময় আশ্রমের ইতিহাসকে বহন করে চলেছে।

এই আশ্রমেই ১৯৩০ সালের ৫ই সেপ্টেম্বর দেহ রাখেন নিরালম্ব স্বামী ওরফে যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়। তাঁর মৃত্যুর পর আশ্রমের অধ্যক্ষ হন হিন্দু বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞানের অধ্যাপক যোগেশ্বর চট্টোপাধ্যায় তথা প্রজ্ঞান পাদজী। ভারতবর্ষের বিশেষত বাংলার বহু স্বাধীনতা সংগ্রামীর জীবনের অধিকাংশ অধ্যায় নানা কারনে অনাদরে অবহেলায় স্মৃতির অতল তলে তলিয়ে গেছে। সেইরকমই এক মহান পুরুষ হলেন ভারতের স্বাধীনতার ইতিহাসে সশস্ত্র সংগ্রামের দীক্ষাগুরু বিপ্লবী যতীন্দ্রনাথ বন্দোপাধ্যায়। এই মহামানবকে বিপ্লবী যদুগোপাল মুখার্জী ‘অগ্নিযুগের ব্রহ্মা’ নামে আখ্যায়িত করেছেন।

তথ্যসূত্র: -

1. ভারতের সাধক সাধিকা (সুবোধ চক্রবর্তী)
2. ebanglalibrary.com
3. bharatpedia.org
4. Bangla Amar Pran – The glorious hub for the Bengal (September 14, 2020)
5. অনুশীলন সমিতির ইতিহাস (শ্রী জীবনতারা হালদার)

অগ্নি যুগের ব্রহ্মা
বিপ্লবী যতীন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়
শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী

এক অজানা পাঠান

Najmin Sultana Haque Sen & Subham Sen

Najmin & Subham are Social Activists who work to change the current unjust system. As a duo, they travel and document historic places and their significance along with vivid research on forgotten topics.

'সব মানুষকেই একদিন-না একদিন মরতে হবে; কিন্তু যাঁরা দেশের জন্য মৃত্যুবরণ করেন তাঁরা অমর হয়ে থাকেন। আমি জানি, তুমি যে-পথ বেছে নিয়েছ, সে-পথ থেকে ভ্রষ্ট হবে না। জাতির সুনাম তোমার হাতে কলঙ্কিত হবে না আমি নিশ্চিত জানি।'

ওপরের এই কথাগুলো এক পিতা তাঁর মৃত্যুপথযাত্রী এক পুত্রকে শেষবারের মতো সম্বোধন করে বলেছিল। পিতার নাম গুরুদাস মল। নিশ্চিত মৃত্যু জেনেও নিজের প্রিয়তম সন্তানকে দেশমাতৃকার চরণে সঁপে দিতে একবারও ভাবেননি, এই যুগে দাঁড়িয়ে কতজন বাবা-মা একাজ করতে পারবেন এ নিয়ে যথেষ্ট দ্বিধা থাকবে।

ভারতবর্ষের ইতিহাসে ব্রিটিশ বিরোধী সংগ্রামে যাঁরা সক্রিয় অংশ নিয়েছিলেন তাঁদের মধ্যে সীমান্তবর্তী এলাকার জনজাতির অবদান কে আজও আমরা ব্রাত্য করে রেখেছি। ইতিহাস বইতে স্থান পায়না এদের বীরত্বের কথা। এমনই এক জনজাতি পাখতুনিস্তানের পাঠানরা।

১৯৩০ এর গোড়ার কথা। মাতৃভূমির স্বাধীনতার সংকল্পে লালকুর্তা স্বেচ্ছাসেবক বাহিনীতে যোগ দিয়েছিল গুরুদাস মলের দুই ছেলে - হরিকিষন আর ভগৎরাম। লাল পোশাকে সজ্জিত হয়ে খান আব্দুল গফফর খানের নেতৃত্বে ভারতের পূর্ণ স্বাধীনতার সংকল্পবার্তা পাখতুনিস্তানের গ্রাম থেকে অন্য গ্রামে পৌঁছে দিতেন তাঁরা। অজস্র মিছিল, প্রদর্শনী ও সভা-সমিতি থেকে শাসক সম্প্রদায়ের উপর নির্দেশ যেত - 'চলে যাও'! এ্রী জাবাবে শাসক-সম্প্রদায় সহিংস শক্তির আশ্রয় নিত। পেশোয়ার ও অন্যান্য স্থানে নিরস্ত্র পাখতুনদের উপরে গুলিবর্ষণ করা হল, শত শত বীর মৃত্যুবরণ করল, সহস্রাধিক চলে গেল কারার অন্তরালে।

এভাবেই একদিন জেলবন্দী হল হরিকিষণ আর ভগৎরাম। নিজের দেশের মাটিতেই বন্দী হতে হল পেশোয়ার সেন্ট্রাল জেলে। ইংরেজি ভালো না জানার দরুন সরকারের লেখা চুক্তিপত্রে ভুল করে সই করে মুক্তি পেল হরিকিষণ। গুরুদাস মল এই সংবাদ জানতে পেরে হরিকিষাণ কে তিরস্কার করলেন। হরিকিষণ পিতাকে বোঝাবার চেষ্টা করল যে তাকে দিয়ে কৌশলে সই করানো হয়েছে। কিন্তু পিতা তাকেই অপরাধী মনে করলেন।

পিতার তিরস্কারে হরিকিষণ গভীর আঘাত পেল মনে। তাঁর জীবনে একটা পরিবর্তন সূচীত হল এখানেই। সে স্থির করল অনিচ্ছায় হলেও সে যা করেছে তার জন্য প্রায়শ্চিত্ত করবে। এই প্রায়শ্চিত্ত হল দেশের মুক্তির জন্য চরম ত্যাগ। হরিকিষণ সিদ্ধান্ত নিল পাঞ্জাবের গভর্নর স্যার জিওফ্রি দ্য মন্টমোরেন্সিকে গুলি করে মারতে হবে। এই কাজের আগে হরিকিষণ পিতার কাছে আশীর্বাদ প্রার্থনা করল। গুরুদাস মল বুঝতে পারলেন নিশ্চিত মৃত্যুও লক্ষ্য থেকে তাকে টলাতে পারবেনা। ১৯৩০ এর ১৯ শে ডিসেম্বর নৌসেরা রেল স্টেশনে শেষ বারের মতো নিজের দেশপ্রেমিক পুত্র কে আলিঙ্গন করলেন গুরুদাস মল। পিতা পুত্রকে নয় - বরং এক দেশপ্রেমিক আর এক দেশপ্রেমিককে আলিঙ্গন

করলেন। হাত তুলে যখন গুরুদাস মল তাঁর তরুণ পুত্রকে বিদায় সম্ভাষন জানালেন তখন তাঁর দুই চোখ অশ্রুসিক্ত, তিনি জানতেন এই তাঁর ছেলের সাথে শেষ দেখা।

১৯৩০ এর ২৩ শে ডিসেম্বর লাহোর বিশ্ববিদ্যালয় এর সমাবর্তন অনুষ্ঠানে গভর্নরের উপরে গুলি চালালেন হরিকিষণ।

